LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

রবিবার ১৪ই জানুয়ারি **২০১৮ ইং**

চার কার্যদিবসেই নিম্নমুখিতা

বছরের প্রথম সপ্তাহে ইতিবাচক প্রবণতায় শুরু হলেও দ্বিতীয় সপ্তাহেই সংশোধনের ধারায় ফিরেছে দেশের শেয়ারবাজার। গেল সপ্তাহের পাঁচ কার্যদিবসের লেনদেনের মধ্যে চারদিনই সূচক কমেছে। সপ্তাহের ব্যবধানে ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) প্রধান সূচক ডিএসইএক্স ১২৩ দশমিক ৫২ পয়েন্ট কমে গেছে। অন্যদিকে দৈনিক গড় লেনদেন কমেছে ১৪ শতাংশ।সংশ্লিষ্টরা বলছেন, দীর্ঘদিন উর্ধ্বমুখী থাকার পর মুনাফা তুলে নেয়ার প্রবণতা দেখা যাচ্ছে শেয়ারবাজারে। নতুন বছরে পোর্টফোলিও পুনর্গঠনের কারণেও বিক্রয়াদেশ বাড়ছে। অর্থবাজারের সম্ভাব্য তারল্য পরিস্থিতি নিয়েও শেয়ারবাজারের বিনিয়োগকারীদের কিছুটা উদ্বিগ্ন দেখা যাচ্ছে। আর্থিক খাতের পাশাপাশি জুন ক্লোজিংয়ে থাকা অন্যান্য কোম্পানির শেয়ারেও বিনিয়োগকারীদের আগ্রহ কিছুটা কমেছে। তবে বাজারের এ সংশোধন প্রক্রিয়া সাময়িক বলে মনে করছেন তারা।বাজার পর্যবেক্ষণে দেখা গেছে, বছরের প্রথম দিন ডিএসইএক্স ৬ হাজার ২৪৪ পয়েন্টে লেনদেন শুরু হওয়ার পর উর্ধ্বমুখী প্রবণতায় আগের সপ্তাহে তা ৬ হাজার ৩১৮ পয়েন্ট পর্যন্ত উন্নীত হয়। তবে গেল সপ্তাহের সংশোধনের কারণে ১ দশমিক ৯৭ শতাংশ বা ১২৩ দশমিক ৫২ পয়েন্ট কমে গেছে সূচকটি। সপ্তাহের শুরু থেকে নিম্নমুখী প্রবণতায় লেনদেন শুরু হয়ে শেষ দিনে কিছুটা স্থিতিশীল বাজার। সপ্তাহের শেষ দিনে ৭ পয়েন্ট বেড়ে বৃহস্পতিবার ৬ হাজার ১৭৯ দশমিক ৩২ পয়েন্টে দাঁড়িয়েছে ডিএসইএক্স, আগের সপ্তাহে যা ছিল ৬ হাজার ৩০২ দশমিক ৮৪ পয়েন্টে।http://bonikbarta.net

কুইন সাউথ টেক্সটাইলের চাঁদা গ্রহণ শেষ আগামীকাল

প্রাথমিক গণপ্রস্তাবের (আইপিও) মাধ্যমে কুইন সাউথ টেক্সটাইল মিলস লিমিটেডকে দেড় কোটি সাধারণ শেয়ার ইস্যু ও বিক্রির অনুমোদন দিয়েছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। ৭ জানুয়ারি আইপিওর চাঁদা গ্রহণ শুরু করে কোম্পানিটি। চলবে আগামীকাল পর্যন্ত।বিএসইসির ৬১৫তম সভায় বস্ত্র খাতের কোম্পানিটির আইপিও অনুমোদনের সিদ্ধান্ত হয়। সভা শেষে কমিশনের মুখপাত্র ও নির্বাহী পরিচালক মো. সাইফুর রহমান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, ১০ টাকা অভিহিত মূল্যে শেয়ার বেচে বাজার থেকে ১৫ কোটি টাকা মূলধন সংগ্রহ করবে প্রতিষ্ঠানটি। এ অর্থ তারা ওয়্যারহাউজ নির্মাণ, যন্ত্রপাতি ক্রয়, কারখানা আধুনিকায়ন ও ব্যাংকঋণ পরিশোধে ব্যয় করবে। কিছু অর্থ আইপিও প্রক্রিয়ার ব্যয়নির্বাহে খরচ করা হবে।http://bonikbarta.net

আর্থিক ব্যবস্থাপনায় দুর্বলতার দায় অর্থ মন্ত্রণালয়ের

২০১৭ সালের শুরুটা যতটা প্রতিশ্রুতিশীল ছিল, শেষটায় সে ধরনের উদ্যমী বা ইতিবাচক পরিস্থিতি ছিল না। দেশের প্রবৃদ্ধি হলেও আয় ও সম্পদ বৈষম্য বেড়েছে। উৎপাদনশীল খাতে ব্যক্তিবিনিয়োগে স্থবিরতা কাটেনি। রফতানি ও রেমিট্যান্স প্রবৃদ্ধি কমেছে। খাদ্য মূল্যস্ফীতি বেড়েছে। বেড়েছে ব্যাংক কেলেঙ্কারি। সামগ্রিকভাবে সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা দুর্বল হয়েছে। বাংলাদেশের অর্থনৈতিক ব্যবস্থাপনায় দুর্বলতায় এ পরিস্থিতি তৈরি হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের নেতৃত্বমূলক ভূমিকার ক্ষেত্রে বড়

ধরনের ঘাটতিই এ পরিস্থিতির কারণ।' সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) গতকাল আয়োজিত সংবাদ সম্মেলনে সংস্থাটির সম্মানীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্যের বক্তব্যে এ মত উঠে আসে।http://bonikbarta.net

রংপুরে ইপিবি ও জয়েন্ট স্টক কোম্পানিজের অফিস স্থাপনের আশ্বাস

রংপুর অঞ্চলের আমদানি-রফতানি বাণিজ্য উৎসাহিতকরণের লক্ষ্যে শিগগিরই জেলাটিতে রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) ও জয়েন্ট স্টক কোম্পানিজ অ্যান্ড ফার্মসের অফিস স্থাপনের বিষয়টি সরকারি নীতিনির্ধারণী মহলে তুলে ধরার আশ্বাস দিয়েছেন বাণিজ্য মন্ত্রণালয়ের সচিব শুভাশীষ বসু। এছাড়া বেনাপোল স্থলবন্দরের মতো বুড়িমারী ও বাংলাবান্ধাকে পূর্ণাঙ্গ শুল্কবন্দরে রূপান্তরের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ারও আশ্বাস দিয়েছেন তিনি। গতকাল সকালে রংপুর বিভাগের ব্যবসা-বাণিজ্যের বিভিন্ন প্রতিবন্ধকতা দূরীকরণের লক্ষ্যে রংপুর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি আয়োজিত এক মতবিনিময় সভায় তিনি এসব আশ্বাস দেন।http://bonikbarta.net

যুক্তরাষ্ট্রে মূল্যস্ফীতি বাড়ার ইঙ্গিত সুদের হার বাড়তে পারে মার্চেই

২০১৭ সালে বেকারত্বের নিম্ন হারের সঙ্গে শক্তিশালী খুচরা বিক্রি ছিল মার্কিন অর্থনীতির প্রবৃদ্ধি অব্যাহত থাকার একটি গুরুত্বপূর্ণ ইঙ্গিত। তবে শুক্রবার প্রকাশিত সরকারি উপাত্তে দেখা যায়, মূল্যস্ফীতি প্রত্যাশার চেয়ে শ্লথ ছিল। অবশ্য গত বছরের শেষ দিকে উর্ধ্বমুখী প্রবণতা অব্যাহত ছিল। আর এ ধারা বজায় থাকলে মার্চের মধ্যে ফেডারেল রিজার্ভ সুদের হার বৃদ্ধি করবে বলে প্রত্যাশা করা হচ্ছে। খবর এএফপি ও ফিন্যান্সিয়াল টাইমস।অর্থনীতির দৃঢ় প্রবৃদ্ধি, ভোক্তা ব্যয় বৃদ্ধি ও বেকারত্বের হার কমে যাওয়ার পরও বেতন ও মূল্যবৃদ্ধি ঘটেছে সামান্য হারে, যা ফেডারেল রিজার্ভের নীতিনির্ধারকদের ধাঁধায় ফেলে দিয়েছে। অবশ্য অর্থনীতিবিদরা বলেন, ডিসেম্বরের উপাত্তে মূল্যস্ফীতি যে অবশেষে বাড়ছে তার কিছু ইঙ্গিত দেখা যায়।http://bonikbarta.net

সংস্কার পদক্ষেপ এগিয়ে নেয়ার ঘোষণা ইউরো গ্রুপের নতুন প্রধানের

ইউরোজোনকে আরো মজবুত ও শক্তিশালী করতে বহুল প্রয়োজনীয় রাজনৈতিক ও অর্থনৈতিক সংস্কার এগিয়ে নিতে হবে বলে শুক্রবার জানিয়েছেন ইউরো গ্রুপের নতুন প্রধান, পর্তুগালের মারিও সেনতেনো। খবর এএফপি।দায়িত্ব গ্রহণের পর প্যারিসে ইউরোজোনের অর্থমন্ত্রীদের একটি অনানুষ্ঠানিক বৈঠকে এ অঞ্চলটি নিয়ে তার অবস্থান জানাতে গিয়ে তিনি বলেন, সংগঠনটিকে মজবুত এবং এর প্রাতিষ্ঠানিক কাঠামোকে একতাবদ্ধ করার ক্ষেত্রে সময় নষ্ট করার কোনো সুযোগ নেই।গত মাসে ইউরো গ্রুপ প্রধানের দায়িত্ব পেয়েছেন সেনতেনো। তিনি পর্তুগালের অর্থমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করে আসছিলেন। তার আগে সংস্থাটির দায়িত্বে ছিলেন নেদারল্যান্ডসের ইরুন ডায়সেল্লুম। তার মেয়াদকাল হবে আড়াই বছর।নবনিযুক্ত ইউরো গ্রুপের প্রধান সেনতেনো বলেন, 'রাজনৈতিক ও অর্থনৈতিকভাবে আমাদের সামনে যে সম্ভাবনার দ্বার খুলেছে, তার সর্বোচ্চ ব্যবহার করতে হবে।http://bonikbarta.net

বৈশ্বিক পণ্য বাণিজ্যের সবচেয়ে বড় গন্তব্য চীন

জনসংখ্যার হিসাবে বিশ্বের সবচেয়ে বড় দেশ চীন। ক্রমবর্ধমান চীনা বাজারে খাদ্য ও জ্বালানি পণ্যের ব্যবহার দ্রুত বাড়ছে। বাড়তি জনসংখ্যার সঙ্গে পাল্লা দিয়ে দেশটির অর্থনৈতিক প্রবৃদ্ধির গতিও উর্ধ্বমুখী রয়েছে। অর্থনৈতিক উন্নয়নের এ গতি অব্যাহত রাখতে শিল্পের বিকাশের স্বার্থে দেশটিতে দিন দিন জ্বালানি ও ব্যবহারিক ধাতুর চাহিদাও বাড়ছে। সব মিলে অভ্যন্তরীণ চাহিদার ক্ষেত্রে

বৈশ্বিক পণ্যবাজারের (খাদ্য, জ্বালানি ও শিল্পপণ্য) সবচেয়ে বড় কেন্দ্র হিসেবে আত্মপ্রকাশ করেছে চীন।http://bonikbarta.net